


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাজীগঞ্জ, চাঁদপুর।
Website: hajiganj.chandpur.gov.bd

পবিত্র ঈদুল আযহা/২০১৮ উপলক্ষে অস্থায়ী গরুর হাট ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০, তারিখ ২১/০৯/২০১১ খ্রি. মূলে জারীকৃত নীতিমালা মোতাবেক সংযুক্ত তালিকাভুক্ত বাজারগুলো পবিত্র ঈদুল আযহা/২০১৮ অস্থায়ীভাবে পশুর হাট বসানোর জন্য প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে।

হাট বাজার ইজারার শর্তাবলী :

- ১। আগামী ০৯/০৮/২০১৮ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে খোলা নিলাম ডাক অনুষ্ঠিত হবে।
- ২। ডাকে অংশগ্রহণ করার পূর্বে আগ্রহীদেরকে জনপ্রতি ১,০০০/- (এক হাজার) টাকা হিসেবে অত্রাফিসে জমা দিতে হবে। যার ডাক গৃহীত হবে তার ডাকে সমুদয় টাকা সাথে সাথে জমা দিতে হবে এবং তদুপরি ডাককৃত টাকার উপর অতিরিক্ত ১৫% হিসেবে ভ্যাট এবং ৫% হিসেবে আয়করের টাকাও পরিশোধ করতে হবে। ডাকের ১২০% টাকা সাথে সাথে জমা দিতে ব্যর্থ হলে ডাক বাতিল করা হবে এবং তার জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ৩। সর্বোচ্চ ডাককারীর ডাক গ্রহণ করা হবে। তবে কাজিত সরকারী ইজারা মূল্য পাওয়া না গেলে ডাককারীর ডাক গ্রহণ করা হবে না।
- ৪। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গাইয়া প্রচার করবেন।
- ৫। এ অস্থায়ী হাট ১৪২৫ বঙ্গাব্দের ঈদুল আযহা উদ্‌যাপন পর্যন্ত বসানো যাবে। সরকারি হাট বাজার ব্যবস্থাপনা, ইজারা সম্পর্কিত নীতিমালা/২০১১ এবং হাট বাজার ইজারা চুক্তি দলিলে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৬। মহাসড়কে কিংবা জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টি হয় এমন জায়গায় অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।
- ৭। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন, সড়ক/মহাসড়কের সন্নিকটে ইত্যাদি জনগুরুত্বপূর্ণ স্থানে অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।
- ৮। ইজারাদার কোন ক্রমেই হাট বাজারে অন্যের নিকট লিজ বা সাব লিজ দিতে পারিবেন না। যদি অনন্যুপ কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা উক্ত শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য করা হবে।
- ৯। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(বৈশাখী বড়ুয়া)

উপজেলা নির্বাহী অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর।

মোবাঃ ০১৭৩০-০৬৭০৭২


email:unohajigonjchandpur@gmail.com

স্মারক নং ০০.৫৩০.০০.০০.০৭.০০৩.২০১৮-৬৩২ (৮০)

তারিখঃ ০৬/০৮/২০১৮ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৩। সহকারী কমিশনার (ভূমি), হাজীগঞ্জ, চাঁদপুর।
- ৪। চেয়ারম্যান,.....ইউপি (সকল) হাজীগঞ্জ।
- ৫। ইউনিয়ন সহকারী ভূমি কর্মকর্তা,..... ইউনিয়ন ভূমি অফিস (সকল), হাজীগঞ্জ।
- ৬। অফিস নথি।


(বৈশাখী বড়ুয়া)


উপজেলা নির্বাহী অফিসার
হাজীগঞ্জ, চাঁদপুর।

মোবাঃ ০১৭৩০-০৬৭০৭২

email:unohajigonjchandpur@gmail.com

পবিত্র ঈদুল আযহা/২০১৮ উপলক্ষে অনুমোদিত অস্থায়ী পশুর হাটের তালিকা।

ক্রমিক	হাট বাজারের নাম	সরকারি কাঙ্ক্ষিত মূল্য
০১	রাজারগাঁও	৩১,৫৩৫/-
০২	রামপুর	২১,৯০৭/-
০৩	পিরোজপুর	১২,০১৩/-
০৪	আদর্শ সাহেব	১৯,৬০৭/-
০৫	সুহিলপুর	২,৭২১/-
০৬	বেলচৌ	৫৩,১৭৭/-
০৭	রায়চৌ	২,৭৫৬/-
০৮	সেন্দ্রা	২,৩৮৫/-
০৯	জাখনী মদিনা	৫,৩০০/-
১০	রামচন্দ্রপুর	৮,৪৮০/-
১১	কাকৈরতলা	২,৩৮৪/-
১২	আহম্মদপুর	৬,৩৬০/-
১৩	মালিগাঁও	১২,৯৮৫/-
১৪	কাশিমপুর	৩,০৭৪/-
১৫	হাড়িয়াইন	১,৩২৫/-
১৬	চেসাতলী	২৪,৯১০/-
১৭	মেনাপুর	১০,৮১২/-
১৮	পাতানিশ	১২,৪৫৫/-
১৯	পালিশারা	৩০,৩৮৭/-
২০	বাংলা বাজার	২,১২০/-



(বৈশাখী বড়ুয়া)

উপজেলা নির্বাহী অফিসার

হাজীগঞ্জ, চাঁদপুর।

email:unohajigonjchandpur@gmail.com